

## সরকারি স্কুল-কলেজে কর্মচারী নিয়োগে অচলাবস্থা দূর করুন

প্রায় এক বছর আগে লিখিত পরীক্ষা নেয়া হলেও সরকারি স্কুল-কলেজের দুই হাজার কর্মচারী নিয়োগের কোন কূল-কিনারা করতে পারেনি শিক্ষা প্রশাসন। কর্মচারী স্বল্পতায় সারাদেশের সরকারি হাইস্কুল ও কলেজগুলোর প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। অনেক প্রতিষ্ঠানে কর্মচারীর কাজ করতে হচ্ছে ক্যাডার কর্মকর্তাদের। কোন কোন প্রতিষ্ঠানে খণ্ডকালীন কর্মচারী দিয়েও সরকারি কাজ করা হচ্ছে। এ নিয়ে মন্ত্রণালয় ও শিক্ষা অধিদফতর পরস্পরকে দোষারোপ করেছে। গত বৃহস্পতিবার দৈনিক সংবাদে এ নিয়ে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

নিয়োগ প্রক্রিয়া নিয়ে নানামুখী অভিযোগ ওঠায় তা খতিয়ে দেখতে গত বছরের জুনে শক্তিশালী তদন্ত কমিটি গঠন করা হয়। এরপর থমকে যায় নিয়োগ কার্যক্রম। কিন্তু প্রকাশ করা হয়নি তদন্ত কমিটির প্রতিবেদন। ফলে নিয়োগ প্রত্যাশীরা বর্তমানে হতাশায় ভুগছেন। নিয়োগ কার্যক্রম নিয়ে অনিয়ম, বাণিজ্য, অব্যবস্থাপনা এবং সর্বোপরি এ প্রক্রিয়া সরকারবিরোধীদের নিয়ন্ত্রণে থাকায় এ অবস্থার সৃষ্টি হয়েছে। এ অবস্থায় প্রধানমন্ত্রী বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদফতরের অধীনে স্থলে থাকা নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে গত ২১ এপ্রিল সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এরপরই কর্মচারী নিয়োগ নিয়ে তোড়জোড় শুরু হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের কর্মকর্তারা জানান, মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে যত দ্রুত সম্ভব এ নিয়োগ কার্যক্রম শেষ করা দরকার।

প্রশ্ন হচ্ছে, এক বছর আগে লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে অথচ আজ পর্যন্ত শিক্ষা প্রশাসন কর্মচারী নিয়োগ দিতে পারল না কেন? এ গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে অবহেলা করার ফলে নিয়োগ প্রত্যাশীরা এখন হতাশায় ভুগছেন। আর কর্মচারী স্বল্পতা থাকলে হাইস্কুল ও কলেজের প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হওয়াটাই স্বাভাবিক। বোঝাই যাচ্ছে নিয়োগ কার্যক্রম নিয়ে অনিয়ম, বাণিজ্য, অব্যবস্থাপনার বিষয়টি অনেক দিনের হলেও শিক্ষা প্রশাসন এগুলো বন্ধে কোন ব্যবস্থা নেয়নি।

সরকারি স্কুল-কলেজে কর্মচারী নিয়োগে প্রতিবন্ধকতাগুলো চিহ্নিত করে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এর সঙ্গে শুধু নিয়োগ প্রত্যাশীদের জীবিকার বিষয়টিই নির্ভর করছে না, সাবলীল শিক্ষা কার্যক্রমের প্রশ্নও জড়িত। শিক্ষাপ্রতিষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী না থাকলে সেটা কোন না কোনভাবে শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করে।